# সূচিপত্র


| ক্র. নং. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | **৪৬তম ভাইভা** | |
| ০১ | ভাইভা অভিজ্ঞতা (০১-৩০) | ০২ |
| | **৪৫তম ভাইভা** | |
| ০২ | ভাইভা অভিজ্ঞতা (০১-৩০) | ১২৯ |
| | **৪৪তম ভাইভা** | |
| ০৩ | ভাইভা অভিজ্ঞতা (০১-১৫) | ২১৭ |
| | **৪৩তম ভাইভা** | |
| ০৪ | ভাইভা অভিজ্ঞতা (০১-১৫) | ২৬২ |
| | **মডেল ভাইভা** | |
| ০৫ | মডেল ভাইভা- ০১ | ৩২৬ |
| ০৬ | মডেল ভাইভা- ০২ | ৩৩০ |
| ০৭ | মডেল ভাইভা- ০৩ | ৩৩৫ |
| ০৮ | মডেল ভাইভা- ০৪ | ৩৩৮ |
| ০৯ | মডেল ভাইভা- ০৫ | ৩৪১ |
| ১০ | মডেল ভাইভা- ০৬ | ৩৪৪ |
| ১১ | মডেল ভাইভা- ০৭ | ৩৪৭ |
| ১২ | মডেল ভাইভা- ০৮ | ৩৪৯ |
| ১৩ | মডেল ভাইভা- ০৯ | ৩৫৩ |
| ১৪ | মডেল ভাইভা- ১০ | ৩৫৮ |

# ৪৬তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা

## ভাইভা অভিজ্ঞতা - ০১

নাম: আবির হাসান
বিষয়: মার্কেটিং
পছন্দক্রম: প্রশাসন, পুলিশ, কাস্টমস,..

বোর্ড: ড. মোঃ মহিউদ্দিন
সিরিয়াল: ....
সময়: ১৫-১৬ মিনিট

ফলাফল: বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত (মেধাক্রম-প্রথম ২০ জনের মধ্যে)

দরজা খুলে পারমিশন নিয়ে প্রবেশ করলাম।

চেয়ারম্যান স্যার : How are you brother?

আমি : Alhamdulillah, I am fine sir. And how are you?

চেয়ারম্যান স্যার : Really fine.

আমি : (আমি চেয়ারের কাছে দাঁড়ালাম। স্যার বসতে না বলে তাঁর কাছে যেতে বললেন। আমি কাছে যাওয়ার পর স্যার চেয়ার থেকে উঠে এসে আমার সাথে করমর্দন করলেন।)

চেয়ারম্যান স্যার : Wow! Smiling Face. হাতটাও শক্ত লাগতেছে। ছেলের কনফিডেন্স আছে কিন্তু। ক্যাডার হবেন তো নাকি? ভরসা আছে তো?

আমি : স্যার আমি আশাবাদী।

চেয়ারম্যান স্যার : গুড। আমাদের বোর্ডের উপর ভরসা আছে আপনার?

আমি : দুঃখিত স্যার, আপনাদের কারোর উপরেই আমার ভরসা নেই। আমার ভরসা একমাত্র আল্লাহর উপর। (চেয়ারম্যান স্যার মুচকি হেসে দিলেন।)

চেয়ারম্যান স্যার : You have a nice suit. looking gorgeous.

আমি : Thank you so much sir. (আমাকে তারপর ম্যাপের কাছে নিয়ে গেলেন। এবং তুরস্ক কোথায় তা দেখাতে বললেন। আমি ১ সেকেন্ডেই তা নির্দেশ করতে সক্ষম হলাম।)

চেয়ারম্যান স্যার : তুরস্ক কোন মহাদেশে অবস্থিত?

আমি : পররাষ্ট্র মন্ত্রণালয়ের সকল চিঠিতে তুরস্ককে এশিয়া মহাদেশের দেশ বলেই উল্লেখ করা হয়। তবে এর একটি অংশ ইউরোপে অবস্থিত।

চেয়ারম্যান স্যার : সেই অংশের নাম কী?

আমি : স্যার, ইস্তাম্বুল।

চেয়ারম্যান স্যার : তাহলে তুরস্ককে কোন ধরনের দেশ বলা যায়?

আমি : ইউরেশিয়ান দেশ বলা যায়।

চেয়ারম্যান স্যার : Have you heard the term 'Triple nexus system'?

আমি : Yes sir.

চেয়ারম্যান স্যার : What is this?

আমি : Answered. *[The Triple nexus system refers to the interlinkages between humanitarian, development and peace actors.]*

চেয়ারম্যান স্যার : What is your first choice?

আমি : Sir. BCS Administration.

চেয়ারম্যান স্যার : Why?

আমি : Answered. ***[It may vary from Candidate to Candidate-***

- *I like variety of work and in Admin cadre there is a chance of working in different sectors under deputation.*
- *Secretary is the highest post of administration of Bangladesh. At least 75% of this post is reserved for the Admin cadres.*
- *There is a huge opportunity to make polices for the betterment of our country while working in higher posts.*
- *Promotion ladder of this cadre is very smooth.*
- *It consists of a higher number of vacancies.]*

চেয়ারম্যান স্যার : You have graduated from Marketing Department. Is there any alignment between Admin cadre and Marketing?

আমি : Answered. (এই দুটোর প্রশ্নের উত্তর শুনে পুরো বোর্ডকে অনেক convinced মনে হয়েছে। এরপর আর একটা প্রশ্ন করেছিলেন। উত্তর দিতে পারিনি।) *[The alignment lies in the transition from Consumer Value to Public Value. A Marketing background provides expertise in Social Marketing to drive behavioral change (like public health or tax compliance), Place Branding to promote district level resources, and Customer Relationship Management to improve citizen centric service delivery. Ultimately, both fields require data driven decision making and strategic communication to identify needs and efficiently deliver products,which in the Admin cadre are the essential services and policies of the state.]*

চেয়ারম্যান স্যার : Please go and have your seat.

আমি : ধন্যবাদ দিয়ে চেয়ারে গিয়ে বসলাম।

এক্সটার্নাল-১ : Could you tell us one reason for which you are suitable for the Admin Cadre?

আমি : Answered. (Sir was convinced) *[I am suitable for the Administration cadre because I possess a unique blend of analytical rigor and communication expertise. My background in Marketing has equipped me with a "Citizen First" mindset, allowing me to approach public service with the same dedication to satisfaction and efficiency that a brand shows its customers. I excel at Crisis Communication and stakeholder management, which are vital for maintaining law and order and coordinating between various departments. Furthermore, my training in resource optimization ensures that I can implement government policies with maximum impact even under budget constraints. Ultimately, my ability to translate complex national goals into relatable grassroots initiatives makes me an effective bridge between the state and its people.]*

| | | |
|---|---|---|
| এক্সটার্নাল-১ | : | বাংলাদেশের কিছু সমস্যার কথা বলেন। |
| আমি | : | অপার সম্ভাবনার বাংলাদেশ কিছু ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করলেও, স্বাধীনতার অর্ধ শতক পরেও নানা সমস্যায় জর্জরিত। অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিকসহ প্রায় সব ক্ষেত্রেই সমস্যা আছে। (সব ক্ষেত্রের ২/৩টা করে উল্লেখযোগ্য সমস্যার কথা বললাম)। *[বাংলাদেশের টেকসই উন্নয়নের পথে প্রধান অন্তরায়গুলো বহুমুখী; অর্থনৈতিক ক্ষেত্রে উচ্চ মুদ্রাস্ফীতি, রাজস্ব আদায়ের নিম্নহার এবং ব্যাংকিং খাতের কাঠামোগত দুর্বলতা অন্যতম। সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপটে গুণগত শিক্ষার অভাব, ক্রমবর্ধমান আয়বৈষম্য এবং পশ্চিমা সংস্কৃতির প্রভাবে দেশীয় মূল্যবোধের অবক্ষয় একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া রাজনৈতিক ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক সুশাসনের ঘাটতি, আমলাতান্ত্রিক জটিলতা এবং অসহিষ্ণু রাজনৈতিক সংস্কৃতি সামগ্রিক অগ্রগতিকে মন্থর করে। মূলত অর্থনৈতিক বৈষম্য নিরসন, জবাবদিহিমূলক প্রশাসন এবং জাতীয় ঐকমত্যের ভিত্তিতে একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণই বর্তমানে আমাদের প্রধান সংস্কারের ক্ষেত্র।]* |
| এক্সটার্নাল-১ | : | What is the root cause of these problems? |
| আমি | : | Sir, Lack of good governance. |
| এক্সটার্নাল-১ | : | Why not Corruption? |
| আমি | : | Sir, Corruption itself is the outcome of lack of good governance. |
| এক্সটার্নাল-১ | : | আমাদের দেশে এত দুর্নীতির কারণ কী? |
| আমি | : | অনেকগুলো কারণের মধ্যে উল্লেখযোগ্য কারণসমূহ- ১. সুশাসনের অভাব; ২. আইনের যথার্থ ব্যবহার নিশ্চিত না করা; ৩. রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের কাঠামোগত দীনতা; ৪. চাকরিজীবীদের প্রতি সামাজিক চাপ; ৫. ধর্মীয় ও ব্যক্তিগত মূল্যবোধের অভাব। |
| এক্সটার্নাল-১ | : | আমাদের দেশে তো মুসলিম সংখ্যাগরিষ্ঠ। ইসলামে তো দুর্নীতি নিষিদ্ধ। তাহলে আমরা দুর্নীতি কেন করি? |
| আমি | : | স্যার, আমরা মুসলমান যেমন সত্য, তেমনি এটাও সত্য যে ইসলামের মৌলিক নির্দেশনাসমূহ মানতে গিয়ে ব্যক্তিগত স্বার্থকেই প্রাধান্য দেই। অনেকটা বলা যায়, আমাদের মুখে ধর্ম যতটা প্রাধান্য পায়, অন্তরে তার বিন্দু পরিমাণ লালন করি না। ফলে ধর্মীয় মূল্যবোধ আমাদের মাঝে পরিপূর্ণভাবে বিকশিত হয়নি। তাই, মুসলিম হয়েও দুর্নীতি করতে ছাড় দেই না। |
| এক্সটার্নাল-১ | : | আপনিও কী প্রশাসন ক্যাডারে এসে দুর্নীতি করবেন নাকি? (মুচকি হাসলেন)। |
| আমি | : | স্যার, ইতোমধ্যে আমি উপজেলা প্রশাসনের একটি দপ্তরের প্রধান হিসেবে কর্মরত আছি। সেখানে আমি সর্বোচ্চ নিষ্ঠার সাথেই দায়িত্ব পালন করে চলছি। এমনকি, আমি আমার পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক পরিমণ্ডল ও বন্ধুদের থেকে নৈতিকতার শিক্ষা লাভ করেছি। আমি বিশ্বাস করি, পেশাগত জীবনে তা অক্ষুণ্ন রাখবো। |
| এক্সটার্নাল-১ | : | গুড, এসব দুর্নীতি করবেন না। এগুলো ভালো জিনিস না। |
| আমি | : | ইনশা-আল্লাহ স্যার। |
| এক্সটার্নাল-২ | : | বাংলাদেশের এমন একটি দুর্যোগের নাম বলেন, যা পূর্ব থেকে অনুমান করা যায় না। |
| আমি | : | ভূমিকম্প। |

এক্সটার্নাল-২ : বাংলাদেশকে যদি ভূমিকম্প প্রবণতার ওপর ভিত্তি করে ভৌগোলিকভাবে বিভক্ত করতে বলা হয়, পারবেন?

আমি : জি স্যার।

এক্সটার্নাল-২ : আচ্ছা, ম্যাপের কাছে যান। ম্যাপে দেখান।

আমি : (আমি ম্যাপের কাছে গিয়ে অতি ঝুঁকিপূর্ণ, মধ্যম ঝুঁকিপূর্ণ ও কম ঝুঁকিপূর্ণ অঞ্চলে ভাগ করে দেখালাম।)

এক্সটার্নাল-২ : ঠিক আছে। চেয়ারে বসেন। সম্প্রতি তো দেশে কয়েকবার ভূমিকম্প হলো। ঢাকা তো অত্যন্ত ঝুঁকিতে আছে। এই ঝুঁকি থেকে বাঁচতে কী পদক্ষেপ নিবেন?

আমি : স্যার, ঢাকা বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ শহরগুলোর একটি। এমনকি অপরিকল্পিত নগরায়ণের উৎকৃষ্ট দৃষ্টান্ত। ভূমিকম্প হতে বাঁচতে প্রথমত, ঝুঁকিপূর্ণ ভবনসমূহ ভেঙে ফেলতে হবে। দ্বিতীয়ত, প্রোপার বিল্ডিং কোড মেনে ভবন নির্মাণ করতে হবে। তৃতীয়ত, ঢাকাকে ডিসেন্ট্রালাইজ করতে হবে। চতুর্থত, দুর্যোগ মোকাবিলায় পর্যাপ্ত সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করা ও অবকাঠামো নির্মাণ করতে হবে।

এক্সটার্নাল-২ : GDP কীভাবে মাপা হয়?

আমি : স্যার, GDP = C + I + G + X – M.

এক্সটার্নাল-২ : এগুলোর মানে কী?

আমি : স্যার, C = Consumption, I = Investment, G = Government Expenditure, X = Exports, M = Imports.

এক্সটার্নাল-২ : Good. What is the difference between GDP and GNP?

আমি : Answered. *[Difference between GDP and GNP-*

| ***Basis of Comparison*** | ***GDP*** | ***GNP*** |
|---|---|---|
| *Definition* | *Total value of final goods and services produced within a country's borders.* | *Total value of final goods and services produced by a country's citizens, at home and abroad.* |
| *Focus* | *Focuses on location of production.* | *Focuses on nationality of producers.* |
| *Includes* | *Includes income earned by foreign companies within the country.* | *Includes income earned by citizens and firms abroad.* |
| *Excludes* | *Excludes income earned by citizens abroad.* | *Excludes income earned by foreigners within the country.* |

এক্সটার্নাল-২ : Tax-GDP Ratio কত বর্তমানে?

আমি : স্যার, NBR হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী, ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশের Tax-GDP Ratio ছিল ৬.৬%। *[বর্তমানে ৬.৮%।]*

এক্সটার্নাল-২ : এটা কত থাকা উচিত?

আমি : IMF সহ বিভিন্ন আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান কোনো দেশের এই রেশিও ন্যূনতম ১৫% রাখতে বলে। সেই হিসেবে কমপক্ষে ১৫% থাকা উচিত।

| | | |
|---|---|---|
| এক্সটার্নাল-২ | : | এটা বেশি থাকা ভালো নাকি কম থাকা ভালো? |
| আমি | : | স্যার, বেশি থাকা ভালো। |
| এক্সটার্নাল-২ | : | কেন? |
| আমি | : | এই রেশিও যত বেশি হবে, দেশের অর্থনৈতিক স্বনির্ভরতা তত বেশি হবে। অর্থাৎ, দেশের সকল খরচ মেটানো ও বাজেট বাস্তবায়নের প্রয়োজনীয় অর্থ ট্যাক্স থেকেই আসবে। ফলে বৈদেশিক ও অভ্যন্তরীণ উৎস হতে সরকারকে খুব বেশি ঋণ করতে হয় না। |
| এক্সটার্নাল-২ | : | আচ্ছা, অনেকেই বলেন বাংলাদেশ-ভারত সম্পর্ক খারাপ হওয়ার জন্য নাকি ধর্ম দায়ী। আপনিও কি তাই বিশ্বাস করেন? |
| আমি | : | না স্যার। |
| এক্সটার্নাল-২ | : | কেন বিশ্বাস করেন না? |
| আমি | : | স্যার যদি ধর্ম মূল কারণ হতো, তবে বাংলাদেশ, পাকিস্তানের পাশাপাশি ইরান বা আফগানিস্তানের সাথেও সম্পর্ক খারাপ হতো। আবার নেপাল হিন্দু সংখ্যাগরিষ্ঠ হওয়ার পরেও সম্পর্ক খারাপ হতো না। মূলত, সাম্প্রতিক রাজনৈতিক পট পরিবর্তনকে ভারত তাদের সম্মানের আঘাত হিসেবে দেখছে। বহুদিন ধরে বাংলাদেশে চলা ভারতের নিয়ন্ত্রণের সমাপ্তি ঘটে গেছে। তদুপরি, ভারত তাদের জাতীয় নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশকে পাশে না পাওয়ার শঙ্কাতে আছে। তাছাড়া, দুই দেশের তথাকথিত মিডিয়ায় অপতথ্যের ছড়াছড়ি, যা আগুনে ঘি ঢালছে। |
| এক্সটার্নাল-২ | : | ইরান, আফগানিস্তানের সাথে সম্পর্ক ভালো কেন? |
| আমি | : | প্রথমত, এই দুই দেশেই ভারতের বিশাল বিনিয়োগ আছে। ইরানে বন্দর ব্যবস্থাপনায় ভারতের বিলিয়ন ডলার বিনিয়োগ রয়েছে। দ্বিতীয়ত, চীন ও পাকিস্তানকে মোকাবিলা করতে আফগানিস্তানকে পাশে দরকার। অপরদিকে, এই দুই দেশই ভারতের জন্য মধ্য এশিয়ার সাথে যোগাযোগকে সহজ করেছে। তাছাড়া, ভূরাজনৈতিক স্বার্থ তো আছেই। |
| চেয়ারম্যান স্যার | : | চেয়ার থেকে উঠে সামনে আসেন। |
| আমি | : | (আমি উঠে সামনে গেলাম।) |
| চেয়ারম্যান স্যার | : | আপনি তো মার্কেটিং থেকে পড়ছেন। আপনার বিষয় থেকে যে কোনো টপিক নিয়ে আপনি ইংলিশে লেকচার দেন। মনে করেন আমরা তিনজনই আপনার ছাত্র। |
| আমি | : | (আমি এর আগে বেশ কয়েকবার টিচিং প্রফেশনের ভাইভা দিতে গিয়ে ডেমো ক্লাস নিয়েছি। তাই এটা আমি ভালোই করতেছিলাম। হঠাৎ চেয়ারম্যান স্যার আমাকে থামতে বললেন।) |
| চেয়ারম্যান স্যার | : | আপনার BBA, MBA তে CGPA কত? |
| আমি | : | উত্তর করলাম। |
| চেয়ারম্যান স্যার | : | (মুচকি হেসে) এইজন্যই তো এত পটপট করে সব বলতেছেন। এর আগে কোনো বিসিএস দিয়েছেন? |
| আমি | : | স্যার, আমি ৪৪ এবং ৪৫ বিসিএসে প্রিলিমিনারিতে অনুত্তীর্ণ হই। এছাড়া ৪৭তম রিটেন দিয়েছি ও ৪৯তম বিসিএসে শিক্ষা ক্যাডারে সুপারিশপ্রাপ্ত। |
| চেয়ারম্যান স্যার | : | এই যে আবার একজন রিপিট ক্যাডার। By the way Abir, we have done with you. You may go now. Best of luck. |

# ৪৫তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা

## ভাইভা অভিজ্ঞতা - ০১

নাম: ড. পূরবী সরকার
বিষয়: মেডিকেল সাইন্স
পছন্দক্রম: প্রশাসন, পরিবার পরিকল্পনা,...

বোর্ড: ড. মোঃ নাজমুল আমীন মজুমদার
সিরিয়াল: ০৮
সময়:...

ফলাফল: বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত (মেধাক্রম-০৬)

সালাম দিয়ে ভেতরে ঢুকলাম। আমি নমস্কার স্যার বলে দাঁড়িয়েছিলাম।

চেয়ারম্যান স্যার : বসুন, আপনার নাম কী?

আমি : পূরবী সরকার।

চেয়ারম্যান স্যার : পূরবী দত্ত, উৎপল দত্ত-এদের চেনেন?

আমি : সরি স্যার, আমার জানা নেই।

চেয়ারম্যান স্যার : তারা তো অনেক বিখ্যাত ছিলেন, অবশ্য সেটা আমাদের সময়ে।

আমি : সরি স্যার (হালকা ভদ্র হাসি)।

চেয়ারম্যান স্যার : Introduce yourself?

আমি : আমি সুন্দরভাবে পরিচয় দিলাম। তবে স্যার শুধু আমি কোথায় পড়েছি পর্যন্ত শুনেই থামিয়ে দিলেন।

চেয়ারম্যান স্যার : আপনি ডাক্তার!

আমি : জি স্যার।

চেয়ারম্যান স্যার : আপনি ৪৮-এ রিকমেন্ডেড?

আমি : জি স্যার।

চেয়ারম্যান স্যার : সঙ্গে এমএস কোর্সে আছেন, এফসিপিএস পার্ট-১ ও হয়েছে?

আমি : জি স্যার।

চেয়ারম্যান স্যার : আপনি তো যা দিচ্ছেন, সবই হয়ে যাচ্ছে।

আমি : ভদ্রভাবে হাসলাম।

চেয়ারম্যান স্যার : আপনি ৪৮-এ রিকমেন্ডেড, ৪৫ দিতে কেন এসেছেন?

আমি : স্যার, প্রোমোশনে সাহায্য হবে, যেহেতু ৪৫ সিনিয়র বিসিএস।

চেয়ারম্যান স্যার : আমি সেদিন ডাক্তারের কাছে গিয়েছিলাম। ডাক্তার প্রথমে আমার বাম হাতে, তারপর ডান হাতে ব্লাড প্রেসার মাপলেন। কোনটা ঠিক?

আমি : বাম হাতে, স্যার।

চেয়ারম্যান স্যার : আপনি নিশ্চিত?

আমি : জি স্যার।

চেয়ারম্যান স্যার : কেন?

আমি : কারণ বাম ব্র্যাকিয়াল আর্টারি হার্টের বেশি কাছাকাছি।

চেয়ারম্যান স্যার : তাহলে দুই হাতে মাপলেন কেন?

আমি : দুই হাতের ব্লাড প্রেশারে কিছু পার্থক্য থাকতে পারে। সেই ক্ষেত্রে প্রথমবার দুই হাতে মাপা উচিত। যে হাতে বেশি প্রেসার পাওয়া যাবে, পরবর্তীতে সে হাতেই মাপতে হবে।

চেয়ারম্যান স্যার : রাস্তায় একজন হাইপোগ্লাইসেমিয়ার রোগী পেলেন। কী করবেন?

আমি : সবচেয়ে সহজ উপায় হলো আধা গ্লাস পানির সাথে ৩ চামচ চিনি মিশিয়ে খাওয়ানো। (স্যার এই শেষ লাইনটি খুব পছন্দ করেছেন। স্যার আরও কিছু স্বাস্থ্য সম্পর্কিত প্রশ্ন করেছিলেন।)

এক্সটার্নাল-১ : আপনার চয়েস লিস্ট দেখি, ১ নম্বরে প্রশাসন?

আমি : জি স্যার।

এক্সটার্নাল-১ : সমস্যা নেই। চান্স পেলে নাতিদের কাছে গল্প করতে পারবেন। (এ কথা শুনে সবাই একটু হাসলেন। পুরো বোর্ড আমাকে খুবই কমফোর্টেবল ফিল করিয়েছেন। সবাই অমায়িক ছিলেন।)
বাংলাদেশের জেলা প্রশাসনের প্রশাসনিক অর্গানোগ্রাম বলুন, অ্যাসিস্ট্যান্ট কমিশনার হিসেবে কী কাজ করতে হতে পারে, তার কাজ কী? নেজারত অফিসার মানে কী? কাজ কী?

আমি : যতটুকু জানি, বললাম। *[জেলা প্রশাসকের স্টাফ অফিসার হিসেবে প্রশাসনিক দায়িত্ব পালন করা, CrPC এর অধীন প্রদত্ত ক্ষমতা বলে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রয়োগ করা, আসামি কর্তৃক স্বীকারোক্তিমূলক জবানবন্দি রেকর্ড করা (CrPC 164 ধারা), জাতীয় ও স্থানীয় সরকারি নির্বাচন অনুষ্ঠান সম্পর্কিত দায়িত্ব পালন করা, পাবলিক পরীক্ষা পরিচালনার জন্য জেলা প্রশাসকের প্রতিনিধিত্ব করা]*
*[নেজারত অফিসার হলো Nezarat Deputy Collector (NDC) নেজারত অফিসারের কাজ হলো- প্রটোকল সংক্রান্ত কাজ, সরকারি কাজে গাড়ি রিকুইজিশন দেওয়া, সার্কিট হাউজ ও রেস্ট হাউজ তত্ত্বাবধান করা, ভিআইপিদের নিরাপত্তা ও প্রটোকল সংক্রান্ত কাজ।]*

এক্সটার্নাল-১ : কোথাও মব হলে কীভাবে কন্ট্রোল করবেন?

আমি : বললাম।

এক্সটার্নাল-১ : জলমহাল কর কী?

আমি : বললাম। *[জলমহাল কর হলো হাওর, বিল ও খালের মতো সরকারি জলাশয় থেকে মাছ ধরা ও ব্যবহারের জন্য সরকার কর্তৃক নির্দিষ্ট মেয়াদে ইজারাদারদের কাছ থেকে আদায়কৃত রাজস্ব।]*

এক্সটার্নাল-১ : পাবলিক হেলথ এর সংজ্ঞা দিন।

আমি : আমি বাংলায় সুন্দরভাবে বুঝিয়ে বললাম। পার্কের বিশাল সংজ্ঞা বলার চেষ্টা করিনি। স্যার কিছু বলেননি, সংজ্ঞা গ্রহণ করেছেন।

**এক্সটার্নাল-১** : 'বিশুদ্ধ পানি চাই' না 'নিরাপদ পানি চাই'-কোনটি ঠিক? কেন?

**আমি** : 'নিরাপদ পানি চাই'-এটাই ঠিক। কারণ নিরাপদ পানিতে সহনীয় মাত্রায় সব উপাদান থাকে, রোগজীবাণু থাকে না। কিছু মিনারেল থাকে, যা শরীরের জন্য উপকারী। ১০০% বিশুদ্ধ পানিতে কোনো মিনারেল থাকে না, শুধু $H_2O$ থাকে।

**এক্সটার্নাল-১** : মিনারেল ওয়াটারের উপাদান কী?

**আমি** : $H_2O$, খনিজ লবণ যেমন: ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, সোডিয়াম ক্লোরাইড ইত্যাদি।

**এক্সটার্নাল-১** : রোগ সংক্রমণের 5F কী?

**আমি** : Feces, Fingers, Flies, Fluids, Food।

**এক্সটার্নাল-১** : খুব ভালো।

**এক্সটার্নাল-২** : হেলথ ইকোনমি কী?

**আমি** : আমি নিজের মতো করে বাংলায় বোঝানোর চেষ্টা করেছি।

**এক্সটার্নাল-২** : স্বাস্থ্য খাতে এবারের বাজেট কত?

**আমি** : আমি বললাম। *[২০২৫-২৬ অর্থবছরে স্বাস্থ্য খাতে বরাদ্দ রেখেছে জাতীয় বাজেটের ৫.৩ শতাংশ।]*

**এক্সটার্নাল-২** : হেলথ অ্যাডমিনিস্ট্রেশন কী?

**আমি** : আমি নিজের মতো করে বাংলায় বোঝালাম।

**এক্সটার্নাল-২** : ফরেস্ট্রি, এগ্রোনমি, হর্টিকালচার, অ্যাগ্রোফরেস্ট্রি কী?

**আমি** : আমি যতটুকু পারি, বলার চেষ্টা করেছি।

**এক্সটার্নাল-২** : অ্যাগ্রোফরেস্ট্রি-এর গুরুত্ব কী?

**আমি** : মাটির উর্বরতা বাড়ে, একসাথে গাছ ও ফসল চাষ করার ফলে কৃষকের আয় বাড়ে, এবং জলবায়ু পরিবর্তন হ্রাস পায়।

**এক্সটার্নাল-২** : ইন্ডাস্ট্রিয়াল রেভোলিউশন এবং ইনভাইরনমেন্টাল সাস্টেইনেবিলিটি একসাথে সম্ভব?

**আমি** : জি স্যার, সম্ভব। যদি পরিকল্পিত, প্রযুক্তিনির্ভর ও গ্রিন টেকনোলজি ব্যবহার করা হয়। যেমন- নবায়নযোগ্য জ্বালানি, সঠিক বর্জ্য ব্যবস্থাপনা, রিসাইক্লিং-এসব সঠিকভাবে করা গেলে সম্ভব।

বিসিএস মক ভাইভা দেখতে QR কোডটি স্ক্যান করুন।

**এক্সটার্নাল-২** : আপনি তো কোর্সে আছেন, ৫ বছরের কোর্স। ২ বছর পর উপজেলা থেকে চলে আসবেন। তাহলে সরকারের লাভ কী?

**আমি** : কোর্স শেষ করে আবার উপজেলায় ফিরে যাব।

**চেয়ারম্যান স্যার** : খুব ভালো। আপনি এখন যেতে পারেন।

আমি সালাম দিয়ে কাগজপত্র নিয়ে বের হয়ে আসলাম।

# ৪৪তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা

## ভাইভা অভিজ্ঞতা - ০১

নাম: শুভ আহমেদ
বিষয়: ....
পছন্দক্রম: ....

বোর্ড: শাব্বির আহমদ চৌধুরী
সিরিয়াল: ০৬
সময়: ১৫-১৭ মিনিট

ফলাফল: বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত

৪৪তম বিসিএস ছিল আমার প্রথম বিসিএস। দীর্ঘ ৩ বছরেরও অধিক সময় ও দুইবার ভাইভা শেষ করে মহান আল্লাহপাকের করুণায় কাঙ্ক্ষিত ফলাফল হাতে পাই।

(কলিংবেল বাজলে অনুমতি নিয়ে রুমে প্রবেশ করে চেয়ারম্যান স্যারের সামনে গিয়ে নম্রভাবে সালাম দিই। স্যারের হাস্যোজ্জ্বল মুখ দেখে নার্ভাসনেস অনেকটাই কেটে গিয়েছিল। স্যার বসার অনুমতি দিলে বসে পড়ি।)

চেয়ারম্যান স্যার : প্রথম বিসিএস?

আমি : Answered.

চেয়ারম্যান স্যার : এর আগে ভাইভা দিয়েছিলেন?

আমি : Answered.

চেয়ারম্যান স্যার : এখন কী করছেন?

আমি : Answered.

(এরপরে স্যার আমার চয়েজ লিস্ট ধরে বলতে লাগলেন। আমি শুধু সম্মতিসূচক উত্তর দিয়ে গেছি।)

চেয়ারম্যান স্যার : বাংলাদেশ বর্তমানে LDC ভুক্ত দেশ, LDC Graduate হবে কবে?

আমি : Answered. *[২৪ নভেম্বর, ২০২৬]*

চেয়ারম্যান স্যার : এর সুবিধা কী কী? অসুবিধা কী কী?

আমি : Answered. *[সুবিধা: বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি, দেশের ভাবমূর্তি ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি। বাণিজ্য প্রতিযোগিতায় সক্ষমতা বৃদ্ধি, কর্মসংস্থান ও রাজস্ব আয় বৃদ্ধি, উদ্যোক্তাদের মনস্তাত্ত্বিক পরিবর্তন।*
*অসুবিধা/ চ্যালেঞ্জ: শুল্ক সুবিধা বন্ধ ও রপ্তানি হ্রাস, রপ্তানি খাতের উপর বিরূপ প্রভাব, ওষুধ শিল্পে বিরূপ প্রভাব, ভর্তুকি সহায়তা বন্ধ, বৈদেশিক সহায়তার হ্রাস, জাতিসংঘের চাঁদা বৃদ্ধি, জিএসপি সুবিধা হারাবে।]*

চেয়ারম্যান স্যার : বাংলাদেশ জিএসপি সুবিধা হারাবে। জিএসপি এর পূর্ণরূপ কী?

আমি : Answered. *[Generalized System of Preferences]*

চেয়ারম্যান স্যার : জিএসপি এবং জিএসপি প্লাস বলতে কী বুঝেন?

আমি : Answered. *[GSP এবং GSP+ হল উন্নত দেশগুলো কর্তৃক উন্নয়নশীল দেশগুলোকে দেওয়া বিশেষ বাণিজ্যিক সুবিধা। GSP সাধারণত আংশিক শুল্ক ছাড় দেয়। অপরদিকে GSP+ এ প্রায় সকল পণ্যে শুল্কমুক্ত সুবিধা পাওয়া যায়। GSP সুবিধা পাওয়ার ক্ষেত্রে শর্তসমূহ তুলনামূলক শিথিল কিন্তু GSP+ সুবিধা পেতে হলে মানবাধিকার, শ্রম অধিকার, পরিবেশ রক্ষা এবং সুশাসন সংক্রান্ত ২৭টি আন্তর্জাতিক কনভেনশন কঠোরভাবে মেনে চলতে হয়।]*

চেয়ারম্যান স্যার : Mob Justice বলতে কি বুঝেন?

আমি : Answered. *[মব জাস্টিস হলো প্রচলিত আইন ও বিচারিক প্রক্রিয়াকে উপেক্ষা করে উত্তেজিত জনতা কর্তৃক কোনো অভিযুক্ত ব্যক্তিকে তাৎক্ষণিকভাবে শাস্তি দেওয়া। এটি মূলত একটি ফৌজদারি অপরাধ এবং আইনের শাসনের পরিপন্থি।]*

(এরপর চেয়ারম্যান স্যার এক্সটার্নাল স্যারকে প্রশ্ন করতে বললেন।)

এক্সটার্নাল-১ : ট্রাম্প প্রশাসনের সাথে হার্ভাড বিশ্ববিদ্যালয়ের একটা ঝামেলা চলছে- এটা সম্পর্কে কী জানেন?

আমি : প্রথমেই বলেছিলাম, এই বিষয়ে আমি বিস্তারিত অবগত নই, তবে হার্ভাড বিশ্ববিদ্যালয়ের গবেষণাখাতের বরাদ্দ নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও ট্রাম্প প্রশাসনের মধ্যে দ্বন্দ্ব বিদ্যমান- এইটুকু জানা ছিল। স্যার উত্তর গ্রহণ করেছিলেন।

*[হার্ভার্ড বিশ্ববিদ্যালয় এবং ট্রাম্প প্রশাসনের মধ্যে সংঘাতটি ২০২৫ সালের এপ্রিলে শুরু হয়েছিল এবং এর কেন্দ্রবিন্দুতে ছিল ফেডারেল নিয়ন্ত্রণ, তহবিল এবং নীতিগত দাবি। প্রশাসন তহবিল কর্তনের হুমকি দিয়েছিল, যদি না হার্ভার্ড ইহুদি-বিদ্বেষের মোকাবিলা করে এবং বৈচিত্র্য, সমতা ও অন্তর্ভুক্তিমূলক কর্মসূচিগুলো বাতিল করে।]*

এক্সটার্নাল-১ : টোংগা এবং টুভ্যালু কোথায় অবস্থিত?

আমি : Answered. *[ওশেনিয়া মহাদেশের পলিনেশিয়া অঞ্চলে অবস্থিত]*

এক্সটার্নাল-১ : খেলা দেখেন? কী খেলা দেখা হয়?

আমি : Answered.

এক্সটার্নাল-১ : চ্যাম্পিয়ানস লিগ কে জিতেছে? ম্যাচের ফলাফল কী ছিল?

আমি : Answered.

এক্সটার্নাল-১ : BYD কী?

আমি : Answered. *[Build Your Dreams (BYD) হলো একটি চীনা বহুজাতিক প্রযুক্তি কোম্পানি, যা বর্তমানে বিশ্বের অন্যতম শীর্ষস্থানীয় বৈদ্যুতিক যানবাহন (EV) প্রস্তুতকারক।]*

এক্সটার্নাল-১ : EV বলতে কী বুঝেন?

আমি : Answered. *[EV- Electric Vehicle এমন এক ধরনের যানবাহন যা জীবাশ্ম জ্বালানির পরিবর্তে বৈদ্যুতিক শক্তি ব্যবহার করে।]*

এক্সটার্নাল-১ : বাংলাদেশে EV আছে?

আমি : Answered. *[বাংলাদেশে Electric Vehicle এর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। হুন্দাই, অডি, BYD এর মতো আন্তর্জাতিক ব্র্যান্ডের পাশাপাশি পালকি, আকিজ মটরসসহ নানা কোম্পানির EV এর ব্যবহার দেখা যাচ্ছে।]*

এক্সটার্নাল-১ : ব্রেইন ড্রেইন বন্ধ করার উপায় কী কী?

আমি : Answered. *[একটি দেশের দক্ষ মানবসম্পদ যখন উন্নত জীবনমানের জন্য অন্যত্র স্থায়ীভাবে চলে যায়, তখন তাকে ব্রেইন ড্রেইন বলে। বন্ধ করার উপায়:*

- *অর্থনৈতিক ব্যবস্থাকে শক্তিশালী করা।*
- *মেধাভিত্তিক নিয়োগ ও পদোন্নতি।*
- *সুশাসন প্রতিষ্ঠা ও রাজনৈতিক স্থিতিশীলতা অর্জন।*
- *প্রাতিষ্ঠানিক সংস্কার।*
- *উদ্যোক্তা ও স্টার্ট আপ সহায়তা।]*

এক্সটার্নাল-১ : ব্রেইন ড্রেইন হলে সুবিধা কী কী?

আমি : Answered. *[সুবিধা:*

- *বিদেশে অর্জিত জ্ঞান ও প্রযুক্তি দেশে স্থানান্তরের সুযোগ সৃষ্টি হয়।*
- *আন্তর্জাতিক পেশাগত নেটওয়ার্ক গড়ে ওঠে, যা বাণিজ্য ও বিনিয়োগে সহায়ক।*
- *বিদেশে সফল নাগরিকরা দেশের ভাবমূর্তি ও মর্যাদা বৃদ্ধি করে।*
- *প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স দেশের বৈদেশিক মুদ্রার আয় বাড়ায়।*
- *দেশের অভ্যন্তরীণ চাকরির উপর চাপ কিছুটা কমে।]*

এক্সটার্নাল-১ : রিভার্স ব্রেইন ড্রেইন বলতে কী বুঝেন?

আমি : Answered. *[রিভার্স ব্রেইন ড্রেইন এমন একটি প্রক্রিয়া, সেখানে বিদেশে অবস্থানরত/ কর্মরত, উচ্চশিক্ষিত, দক্ষ, মেধাবী নাগরিকরা অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা নিয়ে স্বদেশে প্রত্যাবর্তন করে দেশের উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত হন।]*

এক্সটার্নাল-১ : 'সালমান খান' এই নামে কাকে কাকে চিনেন?

আমি : Answered. *[*

- *সালমান খান: শিক্ষাবিদ, উদ্যোক্তা- খান একাডেমির প্রতিষ্ঠাতা।*
- *সালমান খান: বলিউড অভিনেতা, প্রযোজক- ভারতের অন্যতম জনপ্রিয় চলচ্চিত্র তারকা।*
- *সালমান খান: ক্রিকেটার- পাকিস্তানি জাতীয় ক্রিকেট দলের সাবেক ক্রিকেটার।]*

এক্সটার্নাল-১ : খান একাডেমির কাজ কী?

আমি : Answered. *["সকলের জন্য সব জায়গায় বিনামূল্যে বিশ্বমানের শিক্ষাদান" স্লোগান নিয়ে ২০০৬ সাল থেকে নিজস্ব ওয়েবসাইট ও ইউটিউবের মাধ্যমে শিক্ষা সহায়ক প্ল্যাটফর্ম গড়ে তুলেছে খান একাডেমি, এখানে গণিত, বিজ্ঞান, ইতিহাস, প্রোগ্রামিংসহ বিভিন্ন বিষয় ইংরেজি, স্প্যানিশ, পর্তুগিজ, ফ্রেঞ্চ ও বাংলা ভাষায় প্রদান করে থাকে।]*

এক্সটার্নাল-২ : Good Governance বলতে কী বুঝেন?

আমি : Answered. *[Good Governance বলতে এমন এক ধরনের শাসন ব্যবস্থাকে বোঝায় যা জবাবদিহিতা, স্বচ্ছতা, প্রশাসনিক দক্ষতা, আইনের শাসন, মানবাধিকার ইত্যাদি বিষয়কে গুরুত্ব দেয়।]*

এক্সটার্নাল-২ : 'Bangladesh should facilitate and play main role regarding it's foreign export' - Explain this.

আমি : Answered. *[Bangladesh must facilitate and actively manage its foreign exports to boost economic growth, create jobs, attract investment, enhance competitiveness, strengthen international relations and develop local skills. This ensures the country benefits fully from global trade rather than being a passive participant.]*

এক্সটার্নাল-২ : Protectionism বলতে কী বুঝেন?

আমি : Answered. *[Protectionism হলো এমন নীতি ও ব্যবস্থা যার মাধ্যমে কোনো দেশ নিজের অভ্যন্তরীণ শিল্প, শ্রমিক ও অর্থনীতিকে বিদেশি পণ্যের কঠিন প্রতিযোগিতা থেকে সুরক্ষিত রাখে। এক্ষেত্রে বিদেশি পণ্যের প্রবেশ সীমিত করে স্থানীয় শিল্পকে সহায়তা করা হয়।]*

এক্সটার্নাল-২ : 'খোকা চায় পাখি, পাখি চায় বন, মুক্ত স্বাধীন মন'- এই লাইনগুলো দ্বারা কী বুঝেন?

আমি : (এই প্রশ্নের উত্তরে ৩ সেকেন্ড সময়ের মতো চিন্তা করে নিজের মতো করে ব্যাখ্যা করেছিলাম।) *[মানুষের মন পাখির মতো স্বাধীনতা ও মুক্তি চায়, আনন্দ, নিরাপত্তা ও স্বাভাবিক পরিবেশের মধ্যেই খুঁজে পাওয়া যায় জীবনের প্রকৃত সুখ।]*

বিসিএস মক ভাইভা দেখতে QR কোডটি স্ক্যান করুন।

(আরও কিছু সম্পূরক ও আলোচনামূলক প্রশ্ন ছিল, যেগুলো ভাইভা বোর্ড থেকে বের হওয়ার পরে আর মনে ছিল না। এরপরে চেয়ারম্যান স্যার আমার সকল ডকুমেন্টস নিয়ে চলে যাওয়ার অনুমতি দেন। ডকুমেন্টস নিয়ে স্যারদের সালাম দিয়ে বোর্ড থেকে বের হই। ভাইভার পুরো সময়টা বোর্ড অনেক ফ্রেন্ডলি ছিল। আমার কাছে মনে হয়েছে, ভাইভা পুরোটাই গল্পের ছলে প্রশ্নোত্তর পর্ব ছিল।)

# ৪৩তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা

## ভাইভা অভিজ্ঞতা - ০১

নাম: আহমেদ জাফর
বিষয়: ম্যানেজমেন্ট
পছন্দক্রম: প্রশাসন, পুলিশ, কাস্টমস,..

বোর্ড: হেলালুদ্দিন আহমদ
সিরিয়াল: ১৩
সময়: ১২-১৩ মিনিট

ফলাফল: বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত (মেধাক্রম: ২১)

**আমি** : অনুমতি নিয়ে প্রবেশ করে সালাম দিলাম। কিছুক্ষণ ব্যক্তিগত কথাবার্তা বললেন, নাম ভার্সিটি এসব। আপনাদের ইউনিভার্সিটি তে মারামারি কেন হয়? পড়াশোনা হয় কিনা? আপনিতো হলে ছিলেন না মারামারির কারণ জানবেন না তাই।

কোথায় জব করেন? জবের কথা বলায় এনওসি চাইলেন। না থাকায় ফরওয়ার্ডিং চাইলেন। সেটাও ছিল না। এরপর বললেন এনওসি/ফরওয়ার্ডিং দেননি জবের কথা না বলতেন, কেন বললেন? আপনি না বললে তো আমরা জানতাম না আপনি জব করেন কিনা। আমি সরি বললাম।

**চেয়ারম্যান স্যার** : আচ্ছা কয়েকটি প্রশ্ন করি আপনাকে তাহলে, হাতিয়া একটি দ্বীপ, মাতারবাড়িও একটি দ্বীপ। মাতারবাড়ি প্রকল্পগুলো বলেন?

**আমি** : উত্তর করলাম। *[মাতারবাড়ি ১২০০ মেগাওয়াট আলট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্রজেক্ট, মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর।]*

**চেয়ারম্যান স্যার** : গভীর সমুদ্র বন্দর বলা হয় কেন?

**আমি** : উত্তর করলাম। *[পানির গভীরতা অন্তত ১৫ মিটার/৪৯ ফুট বা তার বেশি হওয়ায় গভীর সমুদ্র বন্দর বলা হয়। এটি বৃহৎ আকারের জাহাজ যেমন কনটেইনার জাহাজ এবং তেল ট্যাঙ্কার যা পানিতে অনেক গভীরভাবে ডুবে থাকে সেগুলি নিরাপদে ভিড়াতে এবং পণ্যবাহী জাহাজ খালাস করতে পারে।]*

**চেয়ারম্যান স্যার** : টানেলের উদ্বোধন কত তারিখে?

**আমি** : উত্তর করলাম। *[কর্ণফুলী টানেল হলো বাংলাদেশের চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত একটি সড়ক সুড়ঙ্গ। টানেলটি চট্টগ্রাম শহরের পতেঙ্গা থেকে আনোয়ারা উপজেলাকে সংযুক্ত করেছে। টানেলটির দৈর্ঘ্য ৩.৩২ কিলোমিটার এবং প্রস্থ ১০.৮ মিটার। এটিতে দুটি লেন রয়েছে। টানেলটি ২০২৩ সালের ২৮ অক্টোবর উদ্বোধন করা হয়। টানেলটি নির্মাণে ব্যয় হয়েছে ১০,০০০ কোটি টাকা। ]*

**চেয়ারম্যান স্যার** : টানেল কে করছে?

**আমি** : চীন/জাপান নিয়ে কনফিউজড, এই সহজ প্রশ্ন ভাইভা বোর্ডে মাথা কাজ করেনি। *[চায়না কমিউনিকেশন এ্যান্ড কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড (সিসিসিসি)]*

চেয়ারম্যান স্যার : কনফিউজড? চট্টগ্রাম থাকেন এইটা পারা দরকার ছিল আপনার। ইপিজেড কী?

আমি : উত্তর করলাম। *[ইপিজেড বা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল হলো একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল। বর্তমানে ৮টি সরকারি এবং ২টি বেসরকারি ইপিজেড রয়েছে (সরকারি **EPZ:** ঢাকা, চট্টগ্রাম, মোংলা, ঈশ্বরদী, কুমিল্লা, উত্তরা, কর্ণফুলী ও আদমজী বেসরকারি **EPZ** কোরিয়ান এবং রাঙ্গুনিয়া)।]*

চেয়ারম্যান স্যার : কয়টি?

আমি : উত্তর করলাম।

চেয়ারম্যান স্যার : চট্টগ্রামের গুলোর নাম বলেন।

আমি : উত্তর করলাম। *[চট্টগ্রাম ইপিজেড ও কর্ণফুলী ইপিজেড।]*

চেয়ারম্যান স্যার : আনোয়ারার টা কার? গেছেন?

আমি : উত্তর করলাম।

চেয়ারম্যান স্যার : ওইটা কোন দেশ করছে?

আমি : উত্তর করলাম। *[আনোয়ারা ইপিজেড বাংলাদেশের চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলায় অবস্থিত। এটি একমাত্র কোরিয়া-বাংলাদেশ যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত ইপিজেড।]*

চেয়ারম্যান স্যার : প্রধানমন্ত্রীর (সাবেক) কোন প্রজেক্ট ভালো লাগছে আপনার?

আমি : উত্তর করলাম।

চেয়ারম্যান স্যার : পদ্মা সেতুর অবদান?

আমি : উত্তর করলাম। *[পদ্মা সেতু দক্ষিণ পশ্চিমাঞ্চলের ২১ জেলাকে দেশের বাকী অংশের সাথে সরাসরি সংযুক্ত করেছে। এর ফলে যানবাহন চলাচলের সময় ও খরচ অনেক কমেছে। দক্ষিণ পশ্চিমাঞ্চলের পণ্য দ্রুত ও সহজে দেশের অন্যান্য অংশে এবং বিদেশে রপ্তানি করা সম্ভব হচ্ছে। নতুন শিল্প কারখানার স্থাপন বৃদ্ধি পাচ্ছে। এর ফলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। পর্যটনের প্রসারেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। শিক্ষা ও স্বাস্থ্যসেবার মান উন্নত হচ্ছে এবং দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।]*

চেয়ারম্যান স্যার : ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের লেন্থ কত?

আমি : ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে শুরু হয়ে কুতুবখালী পর্যন্ত যাবে। দৈর্ঘ্য-১৯.৭৩ কি.মি. (মূল পথ)+৪৬.৭৩ কি.মি. (সংযোগকারী রাস্তাসহ)। ২ সেপ্টেম্বর, ২০২৩ সালে বিমানবন্দর ফার্মগেট সেকশন উদ্বোধন করা হয়।

চেয়ারম্যান স্যার : আর কোথাও আছে?

আমি : উত্তর করলাম।

চেয়ারম্যান স্যার : চট্টগ্রামের ওইটার লেন্থ কত?

আমি : (সরি বলছি)। *[চট্টগ্রাম এলিভেটেড এক্সপ্রেসওয়ে দেশের দ্বিতীয় উড়ালপথ। এটি ১৯.২ কিলোমিটার এবং চার লেন বিশিষ্ট। এটির নির্মাণ শুরু হয়েছিল ২০১৭ সালে এবং ২০২২ সালে সম্পন্ন হয়।]*

চেয়ারম্যান স্যার : জাইকার কয়েকটা প্রকল্প বলেন।
আমি : (১টা বলছি) *[ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট প্রকল্প, মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর, চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ক উন্নয়ন প্রকল্প, জয়দেবপুর-ঈশ্বরদী ডুয়েল গেজ ডাবল রেললাইন প্রকল্প।]*
চেয়ারম্যান স্যার : যুদ্ধের পর কোন দেশ আমাদের হেল্প করছে বেশি?
আমি : (জাপান বলার পর বলে ঠিক আছে ওরা তো আমাদের বন্ধু, স্পেসিফিক আর কোন দেশ? ভারত বললাম, উনি যুক্তরাষ্ট্র বলল)
চেয়ারম্যান স্যার : রপ্তানি কোন দেশে বেশি করে বাংলাদেশ ?
আমি : উত্তর করলাম। *[যুক্তরাষ্ট্রে]*
চেয়ারম্যান স্যার : আর কোন দেশের সাথে বাণিজ্যিক সম্পর্ক আছে?
আমি : উত্তর করলাম।
চেয়ারম্যান স্যার : ইউনেস্কো ঘোষিত ওয়ার্ল্ড হেরিটেজ সাইট কয়টি?
আমি : (এক্স্যাক্ট সংখ্যা জানতাম না, ৩/৫ নিয়ে কনফিউশানে ছিলাম, তাই সরি বলছি)। *[বাংলাদেশ ইউনেস্কো (জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা) ঘোষিত ওয়ার্ল্ড হেরিটেজ সাইট তিনটি: ষাট গম্বুজ মসজিদ, বাগেরহাট; পাহাড়পুরের বৌদ্ধ বিহার ও সুন্দরবন।]*
এক্সটার্নাল-১ : Industrial relation, industrial dispute?
আমি : Answered. *[Industrial relation encompasses the study and practice of maintaining harmonious and productive workplace environments while addressing issues related to wages, working conditions, employments rights and labor laws. Industrial dispute refers to disagreement or conflict between employers and employees.]*
এক্সটার্নাল-১ : CBA?
আমি : Answered. *[CBA (Collective Bargaining Agreement) is a legally binding agreement between employer and labor union that outlines the terms and conditions of employment for the workers represented by the union.]*
এক্সটার্নাল-১ : CBA এর কাজ?
আমি : Answered. *[CBA এর কাজ- কর্মচারীদের প্রতিনিধিত্ব, কর্মচারী-মালিকদের সম্পর্ক উন্নত করা, কর্মচারীদের ক্ষমতায়ন, শ্রমিক আন্দোলনকে শক্তিশালী করা, শ্রম আইন প্রয়োগ নিশ্চিত করা।]*
এক্সটার্নাল-১ : CBA and labour court এর মাঝের পার্টি কে?
আমি : মেডিয়েটর বলার সাথেই উনি বলল আর্বিটেটর।
এক্সটার্নাল-১ : হেলথ সেফটি কী?
আমি : Answered. *[হেলথ সেফটি বলতে বোঝায় কর্মক্ষেত্রে কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা। অর্গানাইজেশন হেলথ সেফটি নিশ্চিত করে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণের মাধ্যমে: কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্পষ্ট নীতিমালা তৈরি করা, কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা, কর্মক্ষেত্রে ঝুঁকি চিহ্নিত করে সেগুলো নিয়ন্ত্রণের পদক্ষেপ গ্রহণ করা, স্বাস্থ্য ও নিরাপত্তা পরিস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করা, প্রয়োজনীয় নিরাপদ ও উন্নতমানের সরঞ্জাম সরবরাহ করা ইত্যাদি।]*

এক্সটার্নাল-১ : অর্গানাইজেশনগুলো এইটা কীভাবে নিশ্চিত করে?

আমি : Answered. *[অর্গানাইজেশন হেলথ সেফটি নিশ্চিত করে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণের মাধ্যমে: কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্পষ্ট নীতিমালা তৈরি করা, কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা, কর্মক্ষেত্রে ঝুঁকি চিহ্নিত করে সেগুলো নিয়ন্ত্রণের পদক্ষেপ গ্রহণ করা, স্বাস্থ্য ও নিরাপত্তা পরিস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করা, প্রয়োজনীয় নিরাপদ ও উন্নতমানের সরঞ্জাম সরবরাহ করা ইত্যাদি।]*

এক্সটার্নাল-১ : এইটা কোথায় বলা আছে?

আমি : 'লেবার ল' বলায় উনি বলল লেবার কোড।

এক্সটার্নাল-১ : 'লেবার ল' কত সালে?

আমি : ২০০৬ মাথায় আসতেছিল, ভুল হবে ভেবে সরি বলছি। *[বাংলাদেশের শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮)। বাংলাদেশের শ্রমিকদের অধিকার, কর্তব্য এবং কাজের পরিবেশ নিয়ন্ত্রণের জন্য প্রণীত আইনকে লেবার ল বলা হয়। লেবার ল এর উদ্দেশ্য হলো শ্রমিকদের ন্যায্য মজুরি, কাজের নিরাপত্তা, স্বাস্থ্যবিধি, কল্যাণ ও কাজের সময় নির্ধারণ করা। 'লেবার ল' এর বিধানগুলো একত্রিত করে তৈরি করা একটি বিস্তারিত নীতিমালাকে লেবার কোড(২০২২) বলা হয়। লেবার কোড 'লেবার ল' এর বিধানগুলো স্পষ্ট ও সহজবোধ্য করে প্রয়োগের সুবিধা বৃদ্ধি করে।]*

এক্সটার্নাল-১ : আউটসোর্সিং কী?

আমি : Answered. *[আউটসোর্সিং হলো এমন একটি ব্যবসায়িক পদ্ধতি যেখানে কোনো প্রতিষ্ঠান তাদের কোনো কাজ বা সেবা চুক্তির মাধ্যমে বাইরের অন্য কোনো প্রতিষ্ঠান/ব্যক্তি দিয়ে করিয়ে নেয়।]*

এক্সটার্নাল-২ : কাঠ থেকে টেবিল বানানো হয়েছে, এইটা কী ধরনের ইউটিলিটি?

আমি : সরি বলছি। *[রূপান্তরমূলক ইউটিলিটি]*

এক্সটার্নাল-২ : ডিস্ট্রিবিউশন চ্যানেলগুলোর নাম বলেন।

আমি : পারিনি, এইটা পারা উচিত ছিল, বেসিক একদম। নার্ভাস ছিলাম না। না পারলে হাসিমুখে সরি বলেছি। ভুল বলার চেয়ে সরি বলা ভাল এইটা মাথায় গেঁথে ছিল। যার ফলে কয়েকটি সহজ প্রশ্ন উত্তর করতে পারিনি। রিস্ক নিলে পারতাম। *[ডিস্ট্রিবিউশন চ্যানেল মূলত পণ্য বা সেবাকে উৎপাদনকারীর নিকট থেকে চূড়ান্ত ভোক্তার নিকট পৌঁছে দেওয়ার একটি সুশৃঙ্খল প্রক্রিয়া। এই ব্যবস্থাকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়: প্রত্যক্ষ চ্যানেল (Direct Channel), যেখানে উৎপাদনকারী কোনো মধ্যস্থতাকারী ছাড়াই সরাসরি ভোক্তার কাছে পণ্য বিক্রয় করেন; এবং পরোক্ষ চ্যানেল (Indirect Channel), যা বাজারের ব্যাপ্তি ও পণ্যের ধরনের ওপর ভিত্তি করে একস্তর (খুচরা বিক্রেতা), দ্বিস্তর (পাইকারি ও খুচরা বিক্রেতা) বা ত্রিস্তর (এজেন্ট, পাইকারি ও খুচরা বিক্রেতা) বিশিষ্ট হতে পারে। আধুনিক ব্যবস্থাপনায় এই চ্যানেলগুলোর মূল লক্ষ্য হলো স্থানগত ও সময়গত উপযোগ সৃষ্টির মাধ্যমে সঠিক পণ্যটি সঠিক সময়ে এবং সাশ্রয়ী ব্যয়ে গ্রাহকের দোরগোড়ায় পৌঁছে দেওয়া।]*

আমি মোটেও সন্তুষ্ট ছিলাম না। $12^{th}$ fail মুভিতে মনোজ যেরকম ফেইলের বিষয়টি হাইড করেনি। তারপরে ওয়েস্ট অফ টাইম কমেন্ট করা। এসব দেখে সে ধরে নিয়েছিল তাকে ফেইল করাবে।

# বিসিএস মডেল ভাইভা-০১

**Candidate** : Assalamu Alaikum. May I come in sir?

**Board** : Yes, come in. Take your seat.

**Candidate** : Thank you, sir.

**Board** : Now introduce yourself highlighting your educational background.

**Candidate** : Thank you, sir. I am Al-Mahmud Shawan from Mymensingh. I have completed my graduation & postgraduation from Bangladesh University of Engineering and Technology. For my thesis, I built an autonomous drone prototype designed to deliver emergency medical supplies during monsoon floods in delta region.

**Board** : What is your first choice?

**Candidate** : BCS Foreign Affairs, sir.

**Board** : Why are you interested to join Foreign Cadre? You are an engineer, how will you use your engineering knowledge in diplomatic responsibility?

**Candidate** : Sir, it is true that there is no direct relation between what I studied at my graduate level. But diplomacy is a kind of engineering if we think about it. Diplomacy is all about the art and skill to negotiate for the benefit of our own nation at the international level. A diplomat has to be calculative, sincere and cunning to achieve his goal. So, I think my ability to solve problems and think out of the box will help me if I get the chance to work as a diplomat of Bangladesh.

**Board** : But you haven't answered my first question. Why you want to join Foreign Cadre?

**Candidate** : Sir, first of all, if I get the opportunity to represent my country on the world stage, it will be a matter of great honor. Also, the career in the BCS Foreign Cadre obviously is very lucrative. Besides serving my nation, I will be able to travel to various countries and get introduced to different places, people and culture. Also, I will be able to live an honest life with great social status. These are the main reasons I want to join the Foreign Cadre.

**Board** : Ok. Now tell me what will be your designation if you get appointed as a BCS Foreign Cadre?

**Candidate** : I will be appointed as an Assistant Secretary at the Ministry of Foreign Affairs.

**Board** : What are the diplomatic privileges and immunities?

**Candidate** : The privileges and immunities any diplomat enjoys are including a diplomat cannot be arrested, he need not pay any tax, the receiving state shall take all appropriate steps to prevent any attack on him, his family members and his freedom or dignity.

**Board** : What is the Foreign Policy of Bangladesh?

**Candidate** : The Foreign Policy of Bangladesh emanates from the following provisions of the constitution of the People's Republic of Bangladesh. Article 25: promotion of international peace security and solidarity. The State shall base its international relations on the principles of respect for national sovereignty and equality, non-interference in the internal affairs of other countries, peaceful settlement of international disputes, and respect for international law and the principles enunciated in the United Nations Charter, and on the basis of those principles shall-

(a) Strive for the renunciation of the use of force in international relations and for general and complete disarmament.

(b) Uphold the right of every people to freely determine and build up its own social, economic and political system by ways and means of its own free choice; and

(c) Support oppressed peoples throughout the world waging a just struggle against imperialism, colonialism, or racialism.

**Board** : What does it mean by the word 'Protocol'?

**Candidate** : In diplomacy, the term refers to the ceremonial side of it, including matters of diplomatic courtesy and precedence. This is also used as another name for an agreement. Originally, a protocol was considered a somewhat less formal document than a treaty, but that is a distinction no longer valid.

**Board** : Tell us about 'Armistice'.

**Candidate** : Armistice is an agreement for the suspension of hostilities. Historically, the suspension offered by an armistice was intended to be temporary (and could be local as well as general). But since 1918 the term has increasingly connoted an intention to terminate hostilities completely. In that event, an armistice may be followed by an agreement on an armistice demarcation line and, later, by a peace treaty.

**Board** : Mention 5 most pressing world problems.

**Candidate** : Sir the most pressing problems are, 1. Risks from artificial intelligence. 2. Nuclear weapons, 3. Climate change 4. Catastrophic pandemics 5. Great power war.

**Board** : How is AI a risk for humankind?

**Candidate** : Sir, AI could lead to development of lethal autonomous weapons, automation by AI may cause widespread unemployment, AI systems might compromise personal data security, advancements of AI could pose risks to human control and safety. Thus AI can pose threat to humankind.

**Board** : Describe some reasons for declining the reserves of Bangladesh.

**Candidate** : Increase in import costs, decline in exports, decrease in remittances, depreciation of the Tk against the dollar are the main reasons for declining the reserves of Bangladesh.

**Board** : What do you think about recent development in relation with China, India and Bangladesh? As a diplomat, what would you do to make the policy to maintain relation with these two countries?

**Candidate** : Sir, China and India are both regional superpowers and we have strong political and economic relations with both of them. So, we should keep a good and beneficial relation with both of these countries. Bangladesh should not lean to any side and make the other our enemy. As a diplomat, I would negotiate for the best terms possible for our country so that we can solve our bilateral and multilateral problems with these two countries.

**Board** : What is the stance of Bangladesh in Palestine issue?

**Candidate** : Sir, Article 25 of the Bangladesh Constitution pledges support for oppressed peoples fighting against imperialism, colonialism, or racialism. On the other hand, some resolutions have been taken by the UN General Assembly and Security Council since 1948 for the solution of the Palestine issue. Where the recognition of the rights for the Palestinian refugees of returning to their homeland as well as establishing a sovereign Palestine state in accordance with the pre-1967 boundary line has been given. Bangladesh, according to international law, supports the unalienable right of the Palestinian people and will do so. Recently Dr. Muhammad Yunus also urged the adoption of two state-based solutions in the last United Nations General Assembly.

**Board** : What is Hidro-Diplomacy? Elaborate the concept 'Weaponization of Water'.

**Candidate** : Hydro-diplomacy is the process of using diplomatic negotiation and cooperation to manage and share transboundary water resources like rivers and lakes between countries. For example, The Indus water treaty between India-Pakistan. And weaponization of water is the deliberate use of water supply or infrastructure to harm, pressure or weaken an opponent.

**Board** : What are the differences between a Refugee and a Migrant?

**Candidate** : Migrant and refugee are just two of the many terms we use to describe people who are seeking new homes in other countries. But there is a difference between migrant and refugees. The main difference is choice. Simply speaking, a migrant is someone who chooses to move, and a refugee is someone who has been forced from their home.

**Board** : Ok. Thank you. You may go now.

**Candidate** : Thank you sir, Assalamu alaikum.